# এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৫

বিষয় কোড : 2 7 8

সময়—৩০ মিনিট

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. ব্যবস্থাপনা (Management) শব্দটি ইতালীয় কোন শব্দ থেকে এসেছে?**
K Maneggiear L Managgiare
M Managgiare N Maneggiare

**২. একজন ব্যক্তিকে তার যোগ্যতা অনুযায়ী কাজ অর্পণ করার কথা বলেছেন—**
K সক্রেটিস L হেনরি ফেওল
M এফ ডব্লিউ টেলর N প্লেটো

**৩. '6M' এর অন্তর্ভুক্ত হলো-**
i. Machine
ii. Marchant
iii. Method
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৪. 'ইউটোপিয়া' গ্রন্থের রচয়িতা কে?**
K ইমাম গাজ্জালি L রবার্ট ওয়েন
M থমাস মুর N জেমস স্টুয়ার্ড

**৫. কাকে আধুনিক শ্রমিক-কর্মী ব্যবস্থাপনার জনক বলা হয়?**
K এফ ডব্লিউ টেইলর L অড্যাম স্মিথ
M থমাস মূর N রবার্ট ওয়েন

**৬. আধুনিক যুগের ব্যবস্থাপক-**
i. নিউম্যান
ii. হেনরি ফেওল
iii. পি এফ ড্রাকার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৭. হেনরি ফেওলের মতে ব্যবস্থাপনার কাজ হলো—**
i. প্রেষণা
ii. সমন্বয়সাধন
iii. নিয়ন্ত্রণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৮. কোম্পানির সচিব কোন স্তরের ব্যবস্থাপক?**
K নিম্ন L মধ্য
M উচ্চ N নিম্ন-মধ্য

**৯. বিশেষায়িত জ্ঞানসংবলিত কাজ বা বৃত্তিকে পেশা বলে এখানে বিশেষায়িত জ্ঞান বলতে—**
i. তাত্ত্বিক জ্ঞান
ii. শ্রুতিলব্ধ জ্ঞান
iii. ব্যবহারিক জ্ঞান;
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১০নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব আরাফাত একটি বহুজাতিক কোম্পানির ব্যবস্থাপক। তিনি কাজ আদায়ের ব্যাপারে ব্যবস্থাপনার নীতিসমূহ অনুসরণ করেন। প্রত্যেকের জবাবদিহিতার সাথে সাথে অধস্তনদের আদেশ দানের অধিকার নিশ্চিত করেন। তার সুষ্ঠু ব্যবস্থাপনার ফলে কোম্পানির সকল কর্মকর্তা ও কর্মচারী নিজ নিজ কাজের ব্যাপারে সচেতন থাকেন।

**১০. জনাব আরাফাত কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে ব্যবস্থাপনার কোন নীতিটি প্রতিষ্ঠা করতে পেরেছেন?**
K কর্তৃত্ব ও দায়িত্ব L কেন্দ্রীকরণ
M ন্যায্য পারিশ্রমিক N চাকরির স্থায়িত্ব

**১১. কোন নীতি অনুসরণে কর্মীরা নির্ধারিত কাজে বিশেষজ্ঞতা অর্জনের সুযোগ পায়?**
K কার্যবিভাগের নীতি
L শৃঙ্খলার নীতি
M দায়িত্ব ও কর্তৃত্বের সমতার নীতি
N আদেশের ঐক্যের নীতি

**১২. 'দ্বৈত অধীনতা' ব্যবস্থাপনার কোন নীতির পরিপন্থি?**
K আদেশের ঐক্য L শৃঙ্খলা
M নির্দেশের ঐক্য N দায়িত্ব ও কর্তৃত্ব

**১৩. "জোড়া-মই-শিকলের" নীতি নিম্নের কোনটি নির্দেশ করে?**
K একক আদেশ
L একক নির্দেশ
M শৃঙ্খলা
N দায়িত্ব ও কর্তৃত্ব প্রবাহ

**১৪. কার্যভিত্তিক সংগঠনের উদ্ভাবক কে?**
K হেনরি ফেওল L এফ. ডব্লিউ. টেলর
M রবার্ট ওয়েন N নিউম্যান

**১৫. ব্যবস্থাপনা সংগঠনের উদ্দেশ্য হলো-**
i. উপকরণ একত্রিতকরণ
ii. মান নির্ধারণ
iii. দায়িত্ব অর্পণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৬. "নানা মুনির নানা মত"- কথাটি কোন সংগঠনের ক্ষেত্রে প্রযোজ্য?**
K কার্যভিত্তিক সংগঠন
L ম্যাট্রিক্স সংগঠন
M সরলরৈখিক ও পদস্থকর্মী সংগঠন
N কমিটি সংগঠন

**১৭. কোন ধরনের সংগঠন কাঠামোতে কর্মীদের দ্বৈত অধীনতা পরিলক্ষিত হয়?**
K কার্যভিত্তিক সংগঠন
L ম্যাট্রিক্স সংগঠন
M সরলরৈখিক ও পদস্থকর্মী সংগঠন
N কমিটি সংগঠন

**১৮. প্রতিযোগিতামূলক বাজারে টিকে থাকার জন্য একটি কোম্পানিকে কী ধরনের পরিকল্পনা গ্রহণ করতে হয়?**
K একার্থক পরিকল্পনা
L স্থায়ী পরিকল্পনা
M স্বল্পমেয়াদি পরিকল্পনা
N স্ট্র্যাটেজিক পরিকল্পনা

**১৯. স্থায়ী পরিকল্পনায় কর্মীদের দক্ষতা বৃদ্ধি পায়, কারণ—**
i. বারবার একই কাজ করতে হয়
ii. কর্মীদের কাজে উৎসাহ বৃদ্ধি পায়
iii. কর্মীদের প্রশিক্ষণ দেয়া সহজ হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২০. Vision 2021 কোন ধরনের পরিকল্পনা?**
K স্বল্পমেয়াদি পরিকল্পনা
L দীর্ঘমেয়াদি পরিকল্পনা
M মধ্যমেয়াদি পরিকল্পনা
N স্ট্র্যাটেজিক পরিকল্পনা

**২১. কর্মীসংস্থান প্রক্রিয়ার ক্রমটি হলো-**
K সংগ্রহ-নির্বাচন-উন্নয়ন-নিয়োগ
L নির্বাচন-নিয়োগ-সংগ্রহ-উন্নয়ন
M সংগ্রহ-নির্বাচন-নিয়োগ-উন্নয়ন
N সংগ্রহ-নিয়োগ-নির্বাচন-উন্নয়ন

**২২. কর্মীসংস্থানে কোনটি ঋণাত্মক প্রক্রিয়া?**
K কর্মী নির্বাচন L উৎস নির্বাচন
M কর্মী সংগ্রহ N বিজ্ঞপ্তি প্রদান

**২৩. কর্মীসংগ্রহের অভ্যন্তরীণ উৎস কোনটি?**
K শিক্ষা প্রতিষ্ঠান
L চাকরির বিনিয়োগ কেন্দ্র
M বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র
N শ্রমিক সংঘ

**২৪. নির্দেশনা সবসময় অনুসরণ করে—**
K আমলাতান্ত্রিক নীতি
L জোড়া-মই-শিকলের নীতি
M আদেশের ঐক্যের নীতি
N নির্দেশের ঐক্যের নীতি

**২৫. পদমর্যাদা থেকে সৃষ্ট নেতৃত্বকে কী বলে?**
K আনুষ্ঠানিক L অনানুষ্ঠানিক
M কর্মকেন্দ্রিক N কর্মীকেন্দ্রিক

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রায়হান তার প্রতিষ্ঠানের কর্মীদের ব্যক্তিগত খোঁজখবর রাখেন, তাদের ভালোবাসেন এবং নেতার প্রতি তাদের শ্রদ্ধাবোধ রয়েছে। কিন্তু নেতা এককভাবে সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন করেন।

**২৬. জনাব রায়হানের প্রতিষ্ঠানে কোন ধরনের নেতৃত্ব প্রচলিত আছে?**
K স্বৈরাচারী L গণতান্ত্রিক
M লাগামহীন N পিতৃসুলভ

**২৭. উল্লিখিত নেতৃত্ব হলো-**
i. নেতৃত্বের আধুনিক পদ্ধতি
ii. স্বৈরাচারী নেতৃত্বের উন্নত সংস্করণ
iii. শ্রমিক অসন্তোষ নিরসনে ফলদায়ক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৮. নিয়ন্ত্রণ প্রক্রিয়ার প্রথম কাজ কোনটি?**
K বিচ্যুতি নির্ণয়
L বিচ্যুতির কারণ মূল্যায়ন
M আদর্শমান প্রতিষ্ঠা
N সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ

**২৯. নিয়ন্ত্রণের ভিত্তি কোনটি?**
K প্রেষণা L পরিকল্পনা
M সংগঠন N নির্দেশনা

**৩০. কোনটি নেতার পেশাভিত্তিক গুণাবলি?**
K ব্যক্তিত্ব L ধৈর্য
M দূরদর্শিতা N সিদ্ধান্ত গ্রহণ

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৬

বিষয় কোড : 2 7 8

সময়—৩০ মিনিট

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. আধুনিক ব্যবস্থাপনার জনক কে?**
K হেনরি ফেয়ল
L মেরি ফার্কার ফলেট
M এফ. ডব্লিউ টেইলর
N জেমস ওয়াট

**২. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার আদর্শ বা নীতি কয়টি?**
K ৪ L ৫
M ৬ N ৭

**৩. নগদে বিক্রয়ের নীতি কোন ধরনের পরিকল্পনার মধ্যে পড়ে?**
K লক্ষ্য L স্থায়ী
M একার্থক N স্বল্পমেয়াদি

**৪. মধ্যযুগে ব্যবস্থাপনার উন্নয়নে অবদান রাখেন—**
i. আল-ফারাবি
ii. লুকা প্যাসিওলি
iii. ইমাম গাজ্জালি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
এবিসি ইলেক্ট্রনিক্স লি.-এর চেয়ারম্যান বিভিন্ন উৎস থেকে নির্বাহী নিয়োগের সুবিধা-অসুবিধার কথা চিন্তা করে তার পরিচিত মি. খালেককে নিযুক্ত করেন।

**৫. উদ্দীপকে কর্মী সংগ্রহের কোন উৎস ব্যবহার করা হয়েছে?**
K অভ্যন্তরীণ L বাহ্যিক
M প্রশিক্ষণ N ইন্টারভিউ

**৬. বর্ণিত উৎস থেকে কর্মী সংগ্রহের ফলে—**
i. বিশ্বস্ত কর্মী নিয়োগ করা যায়
ii. ব্যয়হ্রাস পায়
iii. আনুষ্ঠানিকতা বেশি পালন করতে হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৭. গ্যান্ট চার্ট কীসের কৌশল?**
K পরিকল্পনা L নিয়ন্ত্রণ
M নির্দেশনা
N পরিকল্পনা ও নিয়ন্ত্রণ

**৮. জনাব আকিব তার প্রতিষ্ঠানের জন্য উত্তম নিয়ম-নীতি নির্ধারণ করেন। এজন্য প্রতিষ্ঠানের কর্মীরা প্রতিষ্ঠানের প্রতি খুবই আন্তরিক। উদ্দীপকের প্রতিষ্ঠানে ব্যবস্থাপনার কোন নীতি অনুসরণ করা হয়?**
K কার্যবিভাজন L সাম্য
M নিয়মানুবর্তিতা N শৃঙ্খলা

**৯. মানব সম্পদ ব্যবস্থাপনার প্রথম কাজ কী?**
K মানব সম্পদ পরিকল্পনা
L কর্মী সংগ্রহ
M কর্মী নির্বাচন
N প্রশিক্ষণ ও উন্নয়ন

**১০. দ্বৈত অধীনতা কোন সংগঠনে পরিলক্ষিত হয়?**
K সরলরৈখিক L মেট্রিক্স
M কার্যভিত্তিক
N সরলরৈখিক ও পদস্থ

**১১. কোন নিয়ন্ত্রণ কৌশলের ক্ষেত্রে লাভ-ক্ষতির শূন্য স্তর বের করা হয়?**
K ব্রেক ইভেন বিন্দু L গ্যান্ট চার্ট
M পাই চার্ট N পার্ট

**১২. ব্যবস্থাপনা চক্রে নিয়ন্ত্রণের পরবর্তী কাজ কী?**
K পরিকল্পনা L কর্মসংস্থান
M নির্দেশনা N নিয়ন্ত্রণ

**১৩. পদ্মা সেতু তৈরি কোন ধরনের পরিকল্পনা?**
K লক্ষ্য L স্থায়ী
M একার্থক N স্বল্পমেয়াদি

**১৪. ভালো পরিকল্পনায় যে সকল প্রশ্নের উত্তর পাওয়া যায়—**
i. কী করা হবে এবং কে করবে
ii. কোথায় করা হবে
iii. কীভাবে এবং কখন করা হবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
আবির টেক্সটাইল মিলে কর্মরত শ্রমিকরা নিজেদের মধ্যে মারামারি করেছে। প্রতিষ্ঠানের এমডি তিনজন উচ্চ পদস্থ কর্মকর্তার ওপর অবিলম্বে দায়ী ব্যক্তিদের বিষয়ে রিপোর্ট করার দায়িত্ব দিয়েছেন। যাতে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া যায়।

**১৫. উদ্দীপকে তিনজনের ওপর যে দায়িত্ব দেওয়া হয়েছে তা কোন ধরনের সংগঠন?**
K সরলরৈখিক L কার্যভিত্তিক
M মেট্রিক্স N কমিটি

**১৬. এক্ষেত্রে যে সুবিধা পাওয়া যাবে তা হলো—**
i. তাৎক্ষণিক উত্তেজনা কমে আসবে
ii. দায়ী ব্যক্তিদের খোঁজা সম্ভব হবে
iii. বিষয়টিকে সুবিধামতো নিজেদের স্বার্থে ব্যবহার করা যাবে
**নিচের কোনটি সঠিক?**
K i L i ও ii
M i ও iii N ii ও iii

**১৭. সংগঠন প্রক্রিয়ার প্রথম পদক্ষেপ কী?**
K কার্যবিভাজন
L দায়িত্ব ও কর্তৃত্ব সংজ্ঞায়িতকরণ
M দায়িত্ব ও কর্তৃত্ব অর্পণ
N পারস্পরিক সম্পর্ক স্থাপন

**১৮. জনাব আবরার একটি প্রতিষ্ঠানের তত্ত্বাবধায়ক। তিনি অধস্তন কর্মীদের বিভিন্ন সুযোগ-সুবিধা প্রদান করে কাজ আদায় করেন। জনাব আবরার কোন পর্যায়ের ব্যবস্থাপক?**
K উচ্চ L মধ্য
M নিম্ন N উচ্চ ও মধ্য

**১৯. কোনটি কর্মী সংগ্রহের বাহ্যিক উৎসের মধ্যে পড়ে?**
K পদোন্নতি
L নিয়োজিত কর্মীদের সুপারিশ
M শ্রমিক সংঘের সুপারিশ
N চাকরি বিনিয়োগ কেন্দ্র

**২০. আনুষ্ঠানিকতার ভিত্তিতে নেতৃত্ব কয়টি?**
K ২টি L ৩টি
M ৪টি N ৫টি

**২১. কোন ধরনের নেতাকে কর্মীরা অপছন্দ করে?**
K গণতান্ত্রিক L স্বৈরতান্ত্রিক
M পিতৃসুলভ N লাগামহীন

**২২. ব্যবস্থাপনায় M কয়টি?**
K ৫টি L ৬টি
M ৭টি N ৮টি

**২৩. লক্ষ্য বলতে নিচের কোনটির অভিপ্রেত ফলকে বোঝায়?**
K পরিকল্পনার L ব্যবস্থাপনার
M প্রশাসনের N প্রতিষ্ঠানের

**২৪. কর্মীসংস্থানের অভ্যন্তরীণ উৎসের মধ্যে রয়েছে—**
i. পদোন্নতি
ii. শ্রমিক সংঘের সুপারিশ
iii. নিয়োজিত কর্মীদের সুপারিশ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব ইসহাক একটি উৎপাদনধর্মী প্রতিষ্ঠানের ব্যবস্থাপক। তিনি তার প্রতিষ্ঠানের উৎপাদনসংক্রান্ত কার্যক্রম প্রতি এক মাস অন্তর অন্তর পর্যবেক্ষণ করেন। কাজে কোনো ত্রুটি দেখতে পেলে তিনি তা সংশোধনের ব্যবস্থা গ্রহণ করেন।

**২৫. জনাব ইসহাক ব্যবস্থাপনার কোন কাজটি করেন?**
K যোগাযোগ L সমন্বয়
M নিয়ন্ত্রণ N প্রেষণা

**২৬. জনাব ইসহাক কর্তৃক উক্ত কাজ সম্পাদনের ফলে—**
i. কাজে বিচ্যুতির পরিমাণ হ্রাস পাবে
ii. উৎপাদন ব্যয় হ্রাস পাবে
iii. কর্মীদের মনোবল বৃদ্ধি পাবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৭. কার্যভিত্তিক সংগঠনে কোন নীতির পূর্ণ সদ্ব্যবহার ঘটে?**
K আদেশের ঐক্য L শ্রমবিভাগ
M সমতার নীতি N ভারসাম্যের নীতি

**২৮. জনাব পারভেজ একটি প্রতিষ্ঠানের বিক্রয় ব্যবস্থাপক। তিনি বিক্রয় কর্মীদের কাজের নির্দেশ প্রদান করে নিজে কাজ থেকে দূরে থাকেন। এতে কর্মীরা কাজের অবাধ স্বাধীনতা ভোগ করে। জনাব পারভেজ এর নেতৃত্বটি কোন ধরনের?**
K স্বৈরতান্ত্রিক L গণতান্ত্রিক
M পিতৃসুলভ N লাগামহীন

**২৯. নিচের কোনটি কাজের মাধ্যমে প্রশিক্ষণ?**
K বক্তৃতা L আলোচনা
M পদাবর্তন N সেমিনার

**৩০. ব্যবস্থাপনার কোন নীতি অনুসারে সিদ্ধান্ত গ্রহণে কর্মীর ভূমিকা হ্রাস পায়?**
K কেন্দ্রীকরণ L বিকেন্দ্রীকরণ
M সাম্যতা N একতাই বল

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৭

বিষয় কোড : | 2 | 7 | 8 |

সময়–৩০ মিনিট

## ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান **১**। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. ব্যবস্থাপনা সর্বজনীন কে বলেছেন?**
K সক্রেটিস　L প্লেটো
M অ্যারিস্টটল　N কাল মার্কস

**২. ব্যবস্থাপনার শেষ বা চূড়ান্ত কাজ কোনটি?**
K প্রেষণা　L সমন্বয়
M নির্দেশনা　N নিয়ন্ত্রণ

**৩. Management শব্দটি কোন বিদেশি শব্দ থেকে এসেছে?**
K জাপান　L যুক্তরাজ্য
M জার্মানি　N ইটালি

**৪. কার্যভিত্তিক সংগঠনের উদ্ভাবক কে?**
K হেনরি ফেয়ল　L রবার্ট ওয়েন
M অ্যাডাম স্মিথ　N এফ ডব্লিউ টেলর

**৫. উত্তম পরিকল্পনার বৈশিষ্ট্য হলো–**
i. সুনির্দিষ্ট উদ্দেশ্য
ii. নিরবচ্ছিন্নতা
iii. নমনীয়তা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii　L i ও iii　M ii ও iii　N i, ii ও iii

**৬. ব্যবস্থাপনা স্তরকে কয়ভাগে ভাগ করা যায়?**
K ২　L ৩
M ৪　N ৫

**৭. পরিকল্পনার অভিপ্রেত ফলকে বলে–**
K নীতি　L লক্ষ্য
M কৌশল　N প্রক্রিয়া

**৮. আধুনিক ব্যবস্থাপনার জনক কে?**
K এলটন মেয়ো　L ফ্রাঙ্ক গিলব্রেথ
M হেনরি ফেয়ল　N এফ ডব্লিউ টেলর

**৯. কাজের ছন্দপতন রোধ করতে পারে–**
K পরিকল্পনা　L সংগঠন
M কর্মীসংস্থান　N নিয়ন্ত্রণ

**১০. পরিকল্পনার সংখ্যাত্মক প্রকাশকে বলে–**
K লক্ষ্য　L অনুধাবন
M বাজেট　N ভবিষ্যৎ চিত্র

**১১. কর্মী নির্বাচন প্রক্রিয়ার অন্তর্ভুক্ত কোনটি?**
K উৎস নির্ধারণ　L পদোন্নতি
M বিজ্ঞপ্তি প্রদান　N সাক্ষাৎকার প্রদান

**১২. এফ ডব্লিউ টেইলর কোন দেশে জন্মগ্রহণ করেন?**
K জাপান　L ফ্রান্স
M যুক্তরাষ্ট্র　N কানাডা

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রাকিন তার প্রতিষ্ঠানের বিভিন্ন কাজ সুচারুভাবে সম্পাদনের জন্য যোগ্যতার ভিত্তিতে কর্মীদেরকে যোগ্য স্থানে নিয়োগ দেন। যে উপকরণ যেখানে স্থাপন করা প্রয়োজন সেখানে তা স্থাপন করেন।

**১৩. উদ্দীপকের জনাব রাকিন ব্যবস্থাপনার কোন নীতি অনুসরণ করেছেন?**
K কার্যবিভাজন　L জোড়া-মই-শিকল
M নিয়মানুবর্তিতা　N শৃঙ্খলা

**১৪. জনাব রাকিনের গৃহীত পদক্ষেপের ফলে–**
i. কর্মীদের কর্মদক্ষতা বৃদ্ধি পাবে
ii. প্রতিষ্ঠানের খরচ বৃদ্ধি পাবে
iii. প্রতিষ্ঠান কাঙ্ক্ষিত ফল লাভ করবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii　L i ও iii　M ii ও iii　N i, ii ও iii

**১৫. নিয়ন্ত্রণ প্রক্রিয়ার প্রথম কাজ কোনটি?**
K সম্পাদিত কার্য পরিমাপ
L আদর্শমান প্রতিষ্ঠা
M বিচ্যুতি নির্ণয়
N সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ

**১৬. ব্যবস্থাপনার কোন কাজের সাথে মনস্তাত্ত্বিক বিষয় জড়িত?**
K পরিকল্পনা　L কর্মীসংস্থান
M প্রেষণা　N নিয়ন্ত্রণ

**১৭. 'POSDCORB' এর সূত্রের উদ্ভাবক কে?**
K হেনরি ফেয়ল　L ফ্রাংকলিন
M লুকা ডি প্যাসিওলি　N লুথার গুলিক

**১৮. ব্রেক-ইভেন পদ্ধতি কীসে ব্যবহৃত হয়?**
K পরিকল্পনা　L সংগঠন
M কর্মীসংস্থান　N নিয়ন্ত্রণ

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
একটি পোশাক প্রস্তুতকারী প্রতিষ্ঠান মার্চেন্ডাইজার পদে লোক নিয়োগের জন্য পত্রিকায় বিজ্ঞাপন দিল। আবেদনপত্র জমা পড়ল। আবেদনপত্র যাচাই-বাছাই করে যোগ্য ব্যক্তিদের ইন্টারভিউ এ অংশগ্রহণের জন্য ইন্টারভিউ কার্ড ইস্যু করা হলো।

**১৯. ইন্টারভিউ কার্ড ইস্যু করার পরবর্তী কার্যক্রম কী?**
K প্রশিক্ষণ　L নিয়োগ
M উন্নয়ন　N কর্মী নির্বাচন

**২০. প্রতিষ্ঠানটি যে উৎস থেকে কর্মী সংগ্রহ করতে চাইছে তার সুবিধা হলো–**
i. যোগ্য কর্মী নিয়োগ সম্ভব
ii. নতুন মেধার আগমন ঘটে
iii. জ্যেষ্ঠ কর্মীরা এতে উৎসাহিত হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii　L i ও iii　M ii ও iii　N i, ii ও iii

**২১. কোন ধরনের নেতৃত্ব আধুনিক ব্যবস্থাপনায় উত্তম?**
K কর্মীকেন্দ্রিক　L গণতান্ত্রিক
M লাগামহীন　N পিতৃসুলভ

**২২. কর্মী সংগ্রহে সর্বাধিক ব্যবহৃত উৎস কোনটি?**
K বিজ্ঞপ্তি　L পদোন্নতি
M ইন্টারনেট　N জব ফেয়ার

**২৩. SWOT বিশ্লেষণে O দ্বারা কী বোঝায়?**
K সামর্থ্য　L দুর্বলতা
M সুযোগ-সুবিধা　N প্রতিযোগিতা

**২৪. মেট্রোরেল নির্মাণ কোন ধরনের পরিকল্পনা?**
K একার্থক　L স্থায়ী
M আঞ্চলিক　N সামগ্রিক

**২৫. সকল কর্মীর প্রতি সুবিচার কোন নীতির অন্তর্ভুক্ত?**
K একতাই বল　L সাম্য
M নিয়মানুবর্তিতা　N শৃঙ্খলা

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব মশিউর রহমান প্রতিষ্ঠানের যেকোনো সিদ্ধান্ত গ্রহণের পূর্বে প্রতিষ্ঠানে কর্মরত কর্মীদের সাথে মতবিনিময় করে নেন। এতে করে কর্মীরা প্রতিষ্ঠানের প্রতি খুবই আন্তরিক।

**২৬. জনাব মশিউরের নেতৃত্ব কোন ধরনের?**
K গণতান্ত্রিক　L স্বৈরতান্ত্রিক
M লাগামহীন　N পিতৃসুলভ

**২৭. উক্ত নেতৃত্বের সুবিধা হলো–**
i. প্রতিষ্ঠানের উৎপাদন বৃদ্ধি পাবে
ii. আন্তঃব্যক্তিক যোগাযোগ বৃদ্ধি পাবে
iii. সিদ্ধান্তের গুণগত মান বৃদ্ধি পাবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii　L i ও iii　M ii ও iii　N i, ii ও iii

**২৮. পরিকল্পনার বৈশিষ্ট্য হলো–**
i. এটি একটি চিন্তন মনন-প্রক্রিয়া
ii. এটি প্রথম ও মুখ্য কাজ
iii. এটি পূর্বানুমানের সাথে সম্পর্কিত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii　L i ও iii　M ii ও iii　N i, ii ও iii

**২৯. গ্যান্ট চার্টের প্রবর্তক কে?**
K এফডব্লিউ টেলর　L হেনরি ফেয়ল
M রবার্ট ওয়েন　N এল গ্যান্ট

**৩০. সেনাবাহিনীতে কোন ধরনের সংগঠন অনুসরণ করা হয়?**
K কমিটি　L মেট্রিক্স
M সরলরৈখিক　N পদস্থ

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৮

বিষয় কোড : 2 7 8

সময়—৩০ মিনিট **ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. কোনটি প্রতিষ্ঠানে নিয়োজিত ব্যবস্থাপনার মানবীয় উপকরণ?**
K জনশক্তি L বাজার
M কাঁচামাল N দক্ষতা

**২. বিশেষায়িত জ্ঞান সংবলিত কাজ বা বৃত্তিকে কী বলে?**
K চাকরি L ক্যারিয়ার
M পেশা N উদ্যোগ

**৩. রবার্ট ওয়েন কোন সময়ের ব্যবস্থাপক ছিলেন?**
K প্রাচীন যুগের L মধ্যযুগের
M শিল্প বিপ্লবকালের N আধুনিক যুগের

**৪. ব্যবস্থাপনার কাজ হলো—**
i. পরিকল্পনা ও সংগঠন
ii. কর্মীসংস্থান ও নিয়ন্ত্রণ
iii. বিজ্ঞাপন ও নির্দেশনা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৫. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার আদর্শ বা নীতি কয়টি?**
K ৩ L ৪
M ৫ N ৬

**৬. ব্যবস্থাপনাকে একটি দেহের কোন অঙ্গের সাথে তুলনা করা যায়?**
K চোখ L মস্তিষ্ক
M বাহু N বক্ষ

**৭. ক্ষমতা কেন্দ্রীভূত থাকে কোন স্তরে?**
K উচ্চস্তরে L নিম্নস্তরে
M মধ্যস্তরে N উচ্চ ও মধ্যস্তরে

**৮. মেয়াদের ভিত্তিতে পরিকল্পনা কত প্রকার?**
K ২ L ৩
M ৪ N ৫

**৯. পরিকল্পনার সীমাবদ্ধতা কোনটি?**
K সুস্পষ্টতা L গ্রহণযোগ্যতা
M বাস্তবমুখিতা N অনমনীয়তা

**১০. পরিকল্পনা হিসেবে কীসের মাধ্যমে ঝুঁকি ও অনিশ্চয়তা দূর করে?**
K অর্থ L দিক-নির্দেশনা
M শ্রম N পূর্বানুমান

■ **উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
G কোম্পানি লি. ২০ বছরের জন্য তাঁর প্রতিষ্ঠানের উৎপাদন ও বিপণন পরিকল্পনা তৈরি করেন। কিন্তু বাজারে প্রতিযোগিতায় টিকে থাকার স্বার্থে মধ্যবর্তী সময়ে উক্ত পরিকল্পনাটিতে ব্যাপক পরিবর্তন আনেন এবং এতে তাঁর প্রতিষ্ঠানের বেশ সাফল্য আসে।

**১১. G কোম্পানির প্রথমে গৃহীত পরিকল্পনাটি কোন ধরনের?**
K স্থায়ী পরিকল্পনা L স্বল্পমেয়াদি
M মধ্যমেয়াদি N দীর্ঘমেয়াদি

**১২. G কোং-এর সাফল্যের কারণ হলো—**
i. নমনীয়তা
ii. বাস্তবমুখিতা
iii. মিতব্যয়িতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৩. সংগঠন ব্যবস্থাপনা প্রক্রিয়ার কততম কাজ?**
K ১ম L ২য়
M ৩য় N ৫ম

**১৪. কোন ধরনের সংগঠন কাঠামো অতিমাত্রায় ব্যক্তিকেন্দ্রিক?**
K সরলরৈখিক L পদস্থকর্মী
M কার্যভিত্তিক N কমিটি

**১৫. কমিটির অন্তর্ভুক্ত হলো—**
i. কমিশন
ii. বোর্ড
iii. টাস্কফোর্স
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
মি. সেলিম তার প্রতিষ্ঠানের কর্মীদের মধ্যে যেন ভুল বোঝাবুঝি না হয় সে ব্যাপারে খুবই সতর্ক। তিনি কাজ বিভাজন করে বিভাগীয় প্রধান নিয়োগ দিলেন। তিনি প্রত্যেকের করণীয় সুস্পষ্টভাবে নির্ধারণ করলেন।

**১৬. মি. সেলিমের প্রতিষ্ঠানকে কোন সংগঠন বলা যায়?**
K সরলরৈখিক L মেট্রিক্স
M কমিটি N কার্যভিত্তিক

**১৭. উদ্দীপকের পদক্ষেপটির ফলে কোনটি ঘটবে?**
K কর্মীরা কর্মভারগ্রস্ত হবে
L একাধিক বসের আদেশ পালন করতে হবে
M প্রতিষ্ঠানের শৃঙ্খলা বজায় থাকবে
N কর্তৃত্ব নির্ধারণ ও প্রয়োগে সমস্যা হবে

**১৮. কর্মী সংগ্রহের প্রথম কাজ কী?**
K বুদ্ধিমত্তা যাচাই L নির্বাচন
M দক্ষতা যাচাই N চাহিদা নির্ধারণ

**১৯. কোনটি কর্মী সংগ্রহের অভ্যন্তরীণ উৎস?**
K জবফেয়ার L কারখানা গেট
M বদলী N বিজ্ঞাপন

**২০. কর্মীদের দক্ষতা বৃদ্ধি পায় কীসের মাধ্যমে?**
K প্রেষণা L উৎসাহ প্রদান
M প্রশিক্ষণ N নির্দেশনা

**২১. উত্তম নির্দেশনার বৈশিষ্ট্য হলো—**
i. যৌক্তিকতা
ii. স্পষ্টতা
iii. অনমনীয়তা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২২. একজন নেতা জনশক্তিকে কোন দিকে পরিচালনা করে?**
K স্বার্থ L লক্ষ্য
M দল N সংগঠন

■ **উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :**
কে কি পেল সেটা বড় কথা নয়, মি. রহিমের ভাবনা কাজ আর কাজ। কাজের একটি পরিকল্পনা নেয়া হলে তা বাস্তবায়নে অধস্তনদের পিছনে আঠার মতো লেগে থাকবেন। ভুল ধরিয়ে দেবেন, উৎসাহ দেবেন। প্রয়োজনে ভয়-ভীতিও দেখাবেন। তার কাজ পাগল মন নিয়ে অধস্তনেরা ক্ষুব্ধ।

**২৩. মি. রহিমের নেতৃত্ব কোন ধরনের?**
K কর্মীকেন্দ্রিক L কর্মকেন্দ্রিক
M স্বৈরাচারী N পিতৃসুলভ

**২৪. মি. রহিমের আচরণে অধস্তনদের ক্ষুব্ধ হওয়ার কারণ হতে পারে—**
i. কর্মীদের প্রত্যাশার বিষয়ে তার আগ্রহ কম
ii. তার স্বৈরাচারী মানসিকতা গ্রহণযোগ্য নয়
iii. কর্মীরা বেশি কাজ করতে যেয়ে ক্লান্ত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৫. কোন নিয়ন্ত্রণ কৌশলের ক্ষেত্রে লাভ-ক্ষতির শূন্য (০) স্তর বের করা হয়?**
K ব্রেক ইভেন বিন্দু L গ্যান্ট চার্ট
M পাই চার্ট N পার্ট

**২৬. নিচের কোনটি আদর্শ নেতার গুণাবলি বহির্ভূত?**
K অতি উৎসাহ
L দৃঢ় মনোবল
M আন্তরিকতা
N ঝুঁকি গ্রহণের মানসিকতা

**২৭. অংশগ্রহণমূলক নেতৃত্বে নেতার আচরণ কীরূপ?**
K পরামর্শমূলক L পিতৃসুলভ
M স্বৈরাচারী N লাগামহীন

**২৮. নিয়ন্ত্রণ একটি প্রতিষ্ঠানের—**
i. ধারাবাহিক প্রক্রিয়া
ii. ব্যবস্থাপকীয় প্রক্রিয়া
iii. সামাজিক প্রক্রিয়া
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
অধস্তনদের কাজে অসন্তুষ্ট হয়ে মি. K একমাস বিক্রয় কাজ তদারকি করলেন। এতে দেখা গেল বিক্রয় ১০% বৃদ্ধি পেয়েছে। পরবর্তীতে তিনি কর্মীদের তার কৌশল অনুসরণ করতে বললেন।

**২৯. উদ্দীপকে মি. K নিয়ন্ত্রণের কোন কৌশল ব্যবহার করেছেন?**
K বাজেট
L ব্যক্তিগত পর্যবেক্ষণ
M দৃষ্টান্ত
N তিরস্কার

**৩০. উল্লিখিত পদ্ধতির সুবিধা নিচের কোনটি?**
K সহজেই প্রাতিষ্ঠানিক উদ্দেশ্যের অর্জন
L সহকর্মীদের সাথে সহযোগিতা
M গ্রাহক আস্থা অর্জন
N প্রতিযোগীদের তুলনায় এগিয়ে থাকা

SURE SUCCESS